ফাতওয়া নাম্বার: ১৮৩ প্রকাশকালঃ০১-০৮-২০২১ ইং

সরকারপ্রদত্ত উপবৃত্তির টাকা গ্রহণ করার হুকুম কী?

প্রশ্ন:

বাংলাদেশ সরকার তিন মাস পর পর প্রাইমারি স্কুলে পড়ুয়া ছাত্র-ছাত্রীদেরকে উপবৃত্তির টাকা দিয়ে থাকে। আমার প্রশ্ন হল, তাগুত সরকারের দেয়া এই টাকা নেওয়া কি তাদের জন্য জায়েয হবে?

প্রশ্নকারী- আবু উবাইদা জাররাহ

উত্তর:

بسم الله الرحمن الرحيم

সরকারপ্রদত্ত উপবৃত্তির টাকা গ্রহণ করা মৌলিকভাবে বৈধ; যদি তা গ্রহণের বিনিময়ে তাগুতের প্রভাবের বলয়ে আটকা পড়তে না হয় কিংবা নিজের দ্বীন বিসর্জন দিতে না হয়। এ ব্যাপারে নিচের ফতোয়া দু' টি দেখতে পারেন,

১. সরকারী ত্রাণ নেয়া যাবে কি?

https://fatwaa.org/২০২০/০৬/২২/১১৬১/

২. সরকারী বেতন হালাল কি?

https://fatwaa.org/২০২০/০৫/০৩/৯১২/

উল্লেখ্য, বর্তমানে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে বিভিন্ন কুফরি শিক্ষা, নারী পুরুষের সংমিশ্রণসহ রাষ্ট্রীয় ও জাতীয় বিভিন্ন বিজাতীয় দিবস ইত্যাদিতে যোগ দেয়ার বাধ্যবাধকতা রয়েছে, যেগুলোতে বিভিন্ন নাজায়েয ও কুফরি কাজেও যুক্ত হতে হয়। সুতরাং এসব প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণের ক্ষেত্রে অবশ্যই সকল নাজায়েয ও কুফরি কাজগুলো থেকে বিরত থাকতে হবে। বিরত থাকা সম্ভব না হলে এসব প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণও জায়েয হবে না। অভিবাবকদের জন্যও সন্তানদেরকে

এসব প্রতিষ্ঠানে পাঠানো জায়েয হবে না। আল্লাহ তায়ালা আমাদের হেফাজত করুন। আমীন।

فقط، والله أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৫-১২-২০২১ হি.

২৬-০৭-২০২১ ইং